

🗏 ইয়াসীন | Ya-Sin | ৯০০

আয়াতঃ ৩৬ : ৬২

💵 আরবি মূল আয়াত:

وَ لَقَد أَضَلَّ مِنكُم جِبِلًّا كَثِيرًا ؟ أَفَلَم تَكُونُوا تَعقِلُونَ ﴿٢٩﴾

🗚 অনুবাদসমূহ:

আর অবশ্যই শয়তান তোমাদের বহু দলকে পথভ্রস্ট করেছে। তবুও কি তোমরা অনুধাবন করনি? — আল-বায়ান (কিন্তু তোমাদেরকে সতর্ক করে দেয়া সত্ত্বেও) শয়ত্বান তোমাদের বহু দলকে বিভ্রান্ত করে দিয়েছে, তবুও কি তোমরা বুঝ না? — তাইসিক্রল

শাইতানতো তোমাদের বহু দলকে বিভ্রান্ত করেছিল, তবুও কি তোমরা বুঝনি? — মুজিবুর রহমান

And he had already led astray from among you much of creation, so did you not use reason? — Sahih International

৬২. আর শয়তান তো তোমাদের বহু দলকে বিভ্রান্ত করেছিল, তবুও কি তোমরা বুঝনি?

তাফসীরে জাকারিয়া

(৬২) শয়তান তো তোমাদের পূর্বে বহু দলকে বিভ্রান্ত করেছে; তবুও কি তোমরা বোঝ না? [1]

[1] অর্থাৎ, তোমাদের এতটুকুও জ্ঞান ও বুঝ নেই যে, শয়তান তোমাদের শক্র, তার আনুগত্য করা উচিত নয় এবং আমি তোমাদের প্রভু, আমিই তোমাদেরকে অন্ন দান করি এবং আমিই দিবারাত্রি তোমাদের হিফাযত করি। সুতরাং আমার অবাধ্যতা করা তোমাদের উচিত নয়। তোমরা শয়তানের শক্রতা এবং আমার ইবাদতের অধিকারকে না বুঝে নেহাতই নির্বুদ্ধিতা ও অজ্ঞানতার পরিচয় দিচ্ছ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=3767

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন